


গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্রের কার্যক্রমের উপর প্রণীত

# বার্ষিক প্রতিবেদন

(২০১৪-২০১৫)



বাংলাদেশ ব্যাংক

গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্রের কার্যক্রমের উপর প্রণীত

# বার্ষিক প্রতিবেদন

(২০১৪-২০১৫)



ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এ্যান্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

### উপদেষ্টা

মোঃ সাইফুল ইসলাম  
নির্বাহী পরিচালক

### তত্ত্বাবধায়ক

এ.কে.এম. আমজাদ হোসেন  
মহাব্যবস্থাপক

### সম্পাদক

মোহাম্মদ মামুনুল হক  
উপ-মহাব্যবস্থাপক

### উপ-সম্পাদক

সরদার আল এমরান  
যুগ্ম পরিচালক

আব্দুর রাজ্জাক  
উপ-পরিচালক

খোকন কুমার পাল  
সহকারী পরিচালক

## গভর্নরের বাণী

ব্যাংকিং ও আর্থিক খাতের নিয়ন্ত্রক, তত্ত্বাবধায়ক ও কেন্দ্রীয় ব্যাংক হিসাবে এ খাতে প্রত্যাশিত মাত্রায় আর্থিক শৃঙ্খলা (Financial Discipline), আর্থিক স্থিতিশীলতা (Financial Stability) এবং আর্থিক স্বচ্ছতা (Financial Integrity) অর্জন ও রক্ষণ করা বাংলাদেশ ব্যাংকের অন্যতম লক্ষ্য। এসব লক্ষ্য অর্জনে ব্যাংকিং খাতের গ্রাহকগণকে তথ্যপ্রযুক্তিভিত্তিক, মানসম্পন্ন, সুষ্ঠু ও নিরাপদ ব্যাংকিং সেবা প্রদানে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে উদ্বুদ্ধ করা বাংলাদেশ ব্যাংকের নৈতিক দায়িত্ব। এক কথায় গ্রাহকের স্বার্থ সংরক্ষণ করা ও হয়রানি বন্ধ করাই কেন্দ্রীয় ব্যাংকের একটি বড় অঙ্গীকার। এ চেতনাকে সামনে রেখেই বাংলাদেশ ব্যাংকে প্রথমে ক্ষুদ্র পরিসরে ১৬-০৩-২০১১ তারিখে হেল্প ডেস্ক, ০৫-০৯-২০১১ তারিখে গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র এবং পরবর্তীতে ২৫-০৭-২০১২ তারিখে ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট (এফআইসিএসডি) নামে একটি পূর্ণাঙ্গ বিভাগ খোলা হয়েছে। ব্যাংকিং সেবা পেতে গ্রাহকগণ কোন প্রকার হয়রানির শিকার হলে তাদের অভিযোগ নিষ্পত্তির জন্য বিভাগটি একটি কেন্দ্রীয় প্ল্যাটফর্ম হিসাবে কাজ করে যাচ্ছে বলে আমার বিশ্বাস। এবারের প্রতিবেদন থেকে লক্ষণীয় যে, অন্তর্ভুক্তিমূলক আর্থিক কর্মসূচী, ব্যাংকিং সেবা ও পণ্যে বৈচিত্র্য এবং ব্যাংকিং খাতে উন্নত তথ্যপ্রযুক্তির ক্রমবর্ধমান ব্যবহারের ফলে একদিকে যেমন ব্যাংকিং সেবা বাড়ছে, গ্রাহকসংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং সেই সাথে অভিযোগও বাড়ছে; অন্যদিকে অভিযোগ নিষ্পত্তির হারও বেড়েছে তথা গ্রাহক সন্তুষ্টি বেড়েছে। এতে করে এটি প্রতীয়মান হয় যে, এফআইসিএসডি সহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো নীরবে ব্যাংকিং খাতে শৃঙ্খলা, স্বচ্ছতা, গ্রাহকের আস্থা অর্জন ও রক্ষণে তাদের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এফআইসিএসডি কর্তৃক জারিকৃত ‘গাইডলাইনস্ ফর কাস্টমার সার্ভিসেস এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট’ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে উন্নত গ্রাহক সেবা, সুষ্ঠু অভিযোগ ব্যবস্থাপনা তথা গ্রাহক স্বার্থ সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। প্রতি বছরের ন্যায় এ বছরও এফআইসিএসডি তাদের বার্ষিক কর্মকান্ডের ওপর ভিত্তি করে বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫ প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। বাংলাদেশের ব্যাংকিং খাতকে আরও সুশৃঙ্খল, দায়িত্বশীল, নিরপেক্ষ, নির্ভরশীল ও নিরাপদ করার প্রচেষ্টা চলমান থাকবে এবং তা দেশের প্রতিটি আর্থিক সেবা-প্রত্যাশী মানুষের স্বার্থ সংরক্ষণে যথাযথ ভূমিকা পালন করবে বলে আমি প্রত্যাশা করি।

এই বিভাগের সকল কর্মকর্তার জন্য রইলো আমার আন্তরিক শুভেচ্ছা।

ড. আতিউর রহমান  
গভর্নর

## ডেপুটি গভর্নরের বাণী

ব্যাংকিং খাতে স্বচ্ছতা ও শৃঙ্খলা রক্ষা, নিবর্তনহীন গ্রাহক সেবা প্রদান তথা গ্রাহক স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে ২০১২ সালে গঠিত বাংলাদেশ ব্যাংকের ‘ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এ্যান্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট’ (এফআইসিএসডি) কাজ করে আসছে। বাংলাদেশ ব্যাংকে আরো কতিপয় বিভাগ রয়েছে যারা আর্থিক খাতে নানাবিধ অনিয়ম, দুর্নীতি, গ্রাহক হয়রানির মত ঘটনা উদ্ঘাটনের লক্ষ্যে অন-সাইট ও অফ-সাইট পরিদর্শনের মাধ্যমে নিয়মিতভাবে কাজ করে যাচ্ছে। এতদসত্ত্বেও যাতে করে আর্থিক খাতে কোন প্রকার অনিয়ম, গ্রাহক হয়রানির মত কোন ঘটনা অপ্রকাশিত না থাকে বা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে একজন গ্রাহক কোন প্রকার হয়রানির শিকার হলে যাতে করে অন্ততঃ এ বিভাগে তার অভিযোগটি জানাতে পারেন ও প্রতিকার পেতে পারেন সে লক্ষ্যেই অত্র বিভাগ থেকে সারা দেশব্যাপী প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় এবং মোবাইল অপারেটরে ১৬২৩৬ শর্ট কোড ফোন নম্বর প্রচার করা হয়েছে ও ওয়েব-বেজড কমপ্লেইন্ট বক্স প্রতিষ্ঠা করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের এই নবগঠিত বিভাগ অভিযোগ দাখিলের লক্ষ্যে একটি নতুন উইন্ডো বা মঞ্চ হিসাবে প্রতিষ্ঠা লাভ করেছে। শুধু তাই নয়, একই উদ্দেশ্যে প্রতিটি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে “গ্রাহক সেবা ও অভিযোগ ব্যবস্থাপনা সেল” গঠন নিশ্চিত করা হয়েছে। সে সাথে উন্নত গ্রাহক সেবা প্রদান তথা অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির জন্য এ বিভাগ হতে “গ্রাহক সেবা ও অভিযোগ ব্যবস্থাপনা” শীর্ষক একটি নীতিমালা জারি করা হয়েছে যেখানে ব্যাংকগুলোকে তাদের গ্রাহক সেবা ও অভিযোগ ব্যবস্থাপনার জন্য একটি প্রাতিষ্ঠানিক কাঠামো তৈরী করা; গ্রাহক সেবায় নিয়োজিত কর্মকর্তাদের আচরণবিধি অনুসরণ করা; সার্ভিস স্ট্যান্ডার্ড প্রণয়ন করা; গ্রাহক-ব্যাংকারদের সুনির্দিষ্ট দায়-দায়িত্ব নির্ধারণ করা; গ্রাহক সচেতনতামূলক কর্মসূচী গ্রহণ করা; সুষ্ঠু অভিযোগ ব্যবস্থাপনার কর্ম পদ্ধতি নির্ধারণ করা; এমনকি গ্রাহক সেবা ও অভিযোগ ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের তাদের কৃতকর্মের ভিত্তিতে শাস্তি প্রদান বা ভালোকাজের জন্য পুরস্কৃতকরণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোতে গ্রাহক সেবা ও অভিযোগ ব্যবস্থাপনায় সচেতনতা, দায়িত্বশীলতা ও সতর্কতা বৃদ্ধি পেয়েছে। অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির জন্য বাংলাদেশ ব্যাংকে আরো নতুন নতুন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে, যেমন- মোবাইল এ্যাপস এর মাধ্যমে অভিযোগকরণ। বাংলাদেশ ব্যাংকের এ উদ্যোগ শহর-গ্রামে এবং দেশে-বিদেশে প্রশংসিত হয়েছে। এ বিভাগে বিগত বছরে অসংখ্য অভিযোগ এসেছে এবং এসব অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। এর কৃতিত্ব ও প্রশংসার দাবিদার এ বিভাগসহ সকল ব্যাংক। বিভাগটি প্রতিবারের মতো ২০১৪-২০১৫ অর্থবছরের কার্যক্রমের উপর ভিত্তি করে একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি খুবই আনন্দিত। আমি আশা করি এ প্রতিবেদন প্রকাশের মাধ্যমে জনসাধারণের মধ্যে বাংলাদেশ ব্যাংকের এ বিভাগটির কার্যক্রমের সুনাম, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে; ব্যাংকের উপর গ্রাহকের আস্থা ও বিশ্বাস ক্রমশ দৃঢ় হবে।

আমি এ বিভাগের কার্যক্রমের উত্তরোত্তর প্রসার ও সাফল্য কামনা করছি।



সিতাংশু কুমার সুর চৌধুরী  
ডেপুটি গভর্নর

## নিবাহী সারসংক্ষেপ

ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে কোন প্রকার অনিয়ম, অনাচার বা হয়রানির শিকার হলে অভিযোগ দাখিলের সর্বশেষ আশ্রয়স্থল হিসাবে বাংলাদেশ ব্যাংকে প্রথমে হেল্প ডেস্ক, পরে “গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র” (Customers' Interest Protection Centre-CIPC), তৎপরবর্তীতে “ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট” নামে একটি পূর্ণাঙ্গ নতুন বিভাগ গঠন করা হয়। সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত সকল কর্ম দিবসে অফিস চলাকালীন সময়ে যে কোন মোবাইল এবং টেলিফোনের সাহায্যে ১৬২৩৬ নম্বরের একটি শর্ট কোডের মাধ্যমে সরাসরি অত্র বিভাগে অভিযোগ করা যায়। এ ছাড়াও ফ্যাক্স, এসএমএস, ওয়েবসাইট, ই-মেইল, বিভিন্ন সামাজিক যোগাযোগের মাধ্যমে, ডাকযোগে ও সরাসরি সাক্ষাতের মাধ্যমে অত্র বিভাগে অভিযোগ দাখিল করার সুযোগ করে দেয়া হয়েছে। অভিযোগ গ্রহণের পাশাপাশি দেশ-বিদেশের ব্যাংকিং সেবাপ্রত্যাশী অসংখ্য মানুষের ব্যাংকিং ও আর্থিক বিষয়ে নানা জিজ্ঞাসারও জবাব প্রদান করা হয় এই শর্ট কোড ফোনের মাধ্যমে। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াসহ বিভিন্ন মাধ্যমে শর্ট কোডটির প্রচারণা অব্যাহত রয়েছে। এছাড়া, দেশের সকল অঞ্চলের ব্যাংক গ্রাহকগণের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির সুবিধার্থে বাংলাদেশ ব্যাংকের ১০টি শাখা অফিসেও কার্যরত রয়েছে “গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র” এবং প্রতিটি তফসিলী ব্যাংকের প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ে রয়েছে তাদের “গ্রাহক সেবা ও অভিযোগ ব্যবস্থাপনা সেল”। সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক তাদের প্রাতিষ্ঠানিক নৈতিকতার মানদণ্ড প্রতিষ্ঠা, গ্রাহক সেবায় নিয়োজিত কর্মকর্তাদের আচরণবিধি, কাস্টমার চার্টার, গ্রাহক-ব্যাংকারদের পারস্পরিক দায়-দায়িত্ব, গ্রাহক সচেতনতা কর্মসূচী গ্রহণ, প্রধান কার্যালয় ও শাখা পর্যায়ে গ্রাহক সেবা ও অভিযোগ ব্যবস্থাপনা সেল গঠন, অভিযোগ দাখিলের জন্য সকল প্রকার সুযোগ বা মাধ্যম সৃষ্টি এবং কার্যকর অভিযোগ ব্যবস্থাপনার জন্য বিস্তারিত নির্দেশনা দিয়ে অত্র বিভাগ কর্তৃক ‘গাইডলাইনস্ ফর কাস্টমার সার্ভিসেস এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট’ নামে একটি পূর্ণাঙ্গ নীতিমালা জারি করা হয়েছে। গ্রাহক স্বার্থ সংরক্ষণ তথা ব্যাংকিং খাতে গ্রাহকের আস্থা অর্জনের মত যে মহৎ উদ্দেশ্য বা চেতনা নিয়ে এ বিভাগ গঠন করা হয়েছে, মাত্র তিন বছরের মধ্যেই সে উদ্দেশ্য বাস্তবায়িত হয়েছে। কারণ, এরই মধ্যে চার হাজারেরও অধিক জটিল অভিযোগের নিষ্পত্তিকরণসহ হাজার হাজার গ্রাহক কিংবা সাধারণ মানুষের নানাবিধ জিজ্ঞাসার জবাব প্রদানের মাধ্যমে দেশের ব্যাংকিং সেবা-প্রত্যাশী মানুষের প্রত্যাশা কিয়দংশ হলেও অত্র বিভাগ পূরণ করতে পেরেছে। অত্র বিভাগে কোন সাধারণ অভিযোগ প্রাপ্তির তিন দিনের মধ্যেই জরুরী ভিত্তিতে টেলিফোন কিংবা ই-মেইলের মাধ্যমে অভিযোগসংশ্লিষ্ট তথ্যাদি সংগ্রহ করতঃ তা ব্যাংকিং রীতিনীতি অনুসারে বিচার-বিশ্লেষণ করে নিষ্পত্তি করা হয়। জটিল অভিযোগসমূহ সরেজমিনে তদন্ত করতঃ লব্ধ তথ্য-প্রমাণের ভিত্তিতে নিষ্পত্তি করা হয়। দেশের মানুষের আর্থিক ও ব্যাংকিং বিষয়ক সকল সমস্যার সমাধান করা সম্ভব না হলেও বিভাগটি অন্ততঃ দেশের সকল প্রান্তের মানুষের কাছে এ সংবাদটি পৌঁছে দিতে পেরেছে যে, এখন কেউ ব্যাংকিং কিংবা আর্থিক সেবা পেতে কোন অহেতুক হয়রানির শিকার হলে বাংলাদেশ ব্যাংকে তার অভিযোগের কথা জানানো এবং তার প্রতিকার পাওয়ার একটি ভরসা স্থল সৃষ্টি হয়েছে। এ বিভাগের মাধ্যমে দ্রুত সমস্যার সমাধান পাওয়ার ফলে অনেকের মনেই অত্র বিভাগ সম্পর্কে একটি ইতিবাচক ধারণার সৃষ্টি হয়েছে। মানুষের এ বিশ্বাস ও প্রত্যাশাকে অক্ষুণ্ণ রাখার পাশাপাশি দেশের ব্যাংকিং সেবার মানকে আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে কাজ করাই হবে এ বিভাগের ভবিষ্যৎ লক্ষ্য ও উদ্দেশ্য।

## সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
০১	ভূমিকা	০১
০২	ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট এর কার্য পরিধি	০১
০৩	বিভাগের গুরুত্বপূর্ণ সাম্প্রতিক কার্যক্রম	০২
০৪	বিভাগের কর্মপদ্ধতি	০৩
০৫	অভিযোগ গ্রহণের সময় ও মাধ্যম	০৪
০৬	লজিস্টিকস্	০৪
০৭	জিজ্ঞাসার জবাব	০৪
০৮	প্রচারণামূলক কার্যক্রম	০৪
০৯	ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট (এফআইসিএসডি) এর কার্যাবলীর বিবরণ	০৫
১০	প্রাপ্ত অভিযোগের মাসওয়ারী বিবরণী ও অভিযোগের ট্রেন্ড	০৬
১১	অভিযোগের প্রকৃতি অনুযায়ী বিন্যাস (অর্থবছর ২০১৪-২০১৫)	০৭
১২	বিগত ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরে বিভাগ কর্তৃক গৃহীত ও নিষ্পন্ন অভিযোগের তুলনামূলক পরিসংখ্যান	০৮
১৩	ব্যাংক গ্রুপ অনুযায়ী অভিযোগের পরিসংখ্যান	০৯
১৪	প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে শীর্ষ ১০(দশ) ব্যাংক	০৯
১৫	২০১৪-২০১৫ অর্থবছরে এফআইসিএসডি কর্তৃক সম্পাদিত বিশেষ পরিদর্শন সম্পর্কিত তথ্য	১০
১৬	বাংলাদেশ ব্যাংকের শাখা অফিস সমূহ থেকে প্রাপ্ত অভিযোগের পরিসংখ্যান	১১
১৭	ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট কর্তৃক নিষ্পন্ন বিশেষভাবে উল্লেখযোগ্য কয়েকটি ঘটনা	১২
১৮	গ্রাহকগণের নিকট হতে প্রাপ্ত ধন্যবাদ পত্র	১৯
১৯	উপসংহার	২০

## ১। ভূমিকা :

আধুনিক কালে ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র মুনাফা উপার্জনকারী প্রতিষ্ঠানই নয়, বরং জনগণকে নানা ধরনের আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানও বটে। আর্থিক সেবা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশে ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানসমূহ এখনও পর্যন্ত সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম এবং একারণেই ব্যাংকিং খাতে গ্রাহক সেবার বিষয়টি অতীব গুরুত্ব বহন করে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মুনাফা ও প্রবৃদ্ধি অর্জন এবং বাজার প্রতিযোগিতায় টিকে থাকার তাগিদে গ্রাহক সেবার বিষয়টি সাম্প্রতিককালে একটি অগ্রগণ্য বিষয়রূপে প্রতিভাত হয়েছে। দেশের আর্থিক ব্যবস্থা এবং ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ ব্যাংক তাই একটি স্থিতিশীল আর্থিক ব্যবস্থার পাশাপাশি ব্যাংকিং সেবার মানোন্নয়নের উপর যথেষ্ট গুরুত্বারোপ করেছে। দেশে ব্যাংকিং নেটওয়ার্কের দ্রুত বিস্তৃতির সাথে সাথে এর সেবার প্রতি গ্রাহকদের চাওয়া-পাওয়াও দ্রুততার সাথে বৃদ্ধি পাচ্ছে। গ্রাহকদের এই উর্ধ্বগামী প্রত্যাশার চাপ পূরণে ব্যর্থতার ফলে গ্রাহক সেবার মান চাপের মুখে রয়েছে। দেশ-বিদেশের অগণিত ব্যাংক-গ্রাহক যাতে ব্যাংকিং সেবা পেতে কোনরূপ হয়রানির শিকার না হন- তা নিশ্চিত করার লক্ষ্যে এবং এর মাধ্যমে দেশ ও দেশের ব্যাংকিং সেক্টরের ভাবমূর্তি বিশ্ব-দরবারে সমুন্নত রাখার প্রয়াসে বাংলাদেশ ব্যাংকে ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট (এফআইসিএসডি) নামে একটি পূর্ণাঙ্গ বিভাগ খোলা হয়েছে। বর্তমানে বিভাগটি গ্রাহকদের বিভিন্ন প্রকারের অভিযোগ নিষ্পত্তিকরণ, ব্যাংকার ও গ্রাহকগণের মধ্যে সম্পর্কের উন্নয়ন, গ্রাহকগণের স্বার্থ সংরক্ষণের মধ্য দিয়ে আর্থিক শৃঙ্খলা আনয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

## ২। ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট এর কার্যপরিধি :

বিভাগটির অধীনে নিম্নলিখিত তিনটি উপ-বিভাগ রয়েছে :

- ক) কাস্টমার সার্ভিসেস ডিভিশন
- খ) ভিজিল্যান্স এন্ড এন্টি-ফ্রড ডিভিশন
- গ) টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন

### ক) কাস্টমার সার্ভিসেস ডিভিশনের কার্যপরিধি:

- গ্রাহক সেবা এবং ভোক্তাদের স্বার্থ রক্ষায় ব্যাংকের পরিচালনা পর্ষদের ভূমিকা নির্ধারণ, প্রয়োজনীয় কাঠামো ও কর্মকান্ড নির্ধারণ সংক্রান্ত গাইডলাইন্স প্রণয়ন।
- বাংলাদেশ ব্যাংকে গ্রাহকদের প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি সম্পর্কিত পদ্ধতি ও নীতিমালা প্রণয়ন, সংশোধন ও উন্নয়ন করা এবং পাশাপাশি বাংলাদেশ ব্যাংকে গৃহীত অভিযোগের ভিত্তিতে অন্যান্য ব্যাংক ও নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানসমূহের গ্রাহক সেবার ন্যূনতম মান নির্ধারণ করা।
- ভোক্তাদের অধিকার সংরক্ষণ (যেমন সুদের হার ও ফি প্রদর্শন) বিষয়ক নির্দেশনা ও নীতিমালা প্রণয়ন করা।
- লিখিত অভিযোগসমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণঃ-
  - অভিযোগসমূহ যাচাই-বাছাই করা।
  - অভিযোগসমূহের বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকের মতামত/মন্তব্য/ব্যাখ্যা চাওয়া।
  - সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রেরিত মতামত/ব্যাখ্যা/মন্তব্য পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সুপারিশসহ নোট উত্থাপন করা।
  - সিদ্ধান্ত বাস্তবায়ন।
- প্রাপ্ত অভিযোগসমূহের মাসিক বিবরণী ও সার-সংক্ষেপ প্রস্তুত করা এবং মাননীয় গভর্নর মহোদয় বরাবর তা উপস্থাপন করা।
- শাখা অফিসসমূহে স্থাপিত “গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র” সমূহের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা, তাদের কার্যক্রম পর্যবেক্ষণ করা এবং উক্ত কেন্দ্রসমূহ হতে প্রাপ্ত অভিযোগের মাসিক বিবরণীর উপর ভিত্তি করে সমন্বিত বিবরণী প্রস্তুত ও বিশ্লেষণপূর্বক মহাব্যবস্থাপক মহোদয় বরাবর উপস্থাপন এবং সংশ্লিষ্ট বিষয়ে সময়মত উপযুক্ত ও প্রাসঙ্গিক সিদ্ধান্ত বাস্তবায়ন করা।

- তালিকাভুক্ত ব্যাংক ও অন্যান্য নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানসমূহে স্থাপিত “অভিযোগ সেল” সমূহ পর্যবেক্ষণ করা এবং উক্ত সেলসমূহ হতে প্রাপ্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ বিশ্লেষণ করে সমন্বিত প্রতিবেদন প্রস্তুতকরতঃ তা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন ও সিদ্ধান্ত বাস্তবায়ন করা।
- সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত অন্যান্য কর্মদিবসসমূহে অফিস চলাকালীন সময়ে টেলিফোন, মোবাইল, ই-মেইল, ফ্যাক্স প্রভৃতি মাধ্যমে অভিযোগ গ্রহণ করা।
- হটলাইন ১৬২৩৬ এ আগত কলে যথাসময়ে সাড়া দেয়া এবং জনসাধারণের জিজ্ঞাসার জবাব প্রদান।
- সংশ্লিষ্ট অন্যান্য কার্যাদি সম্পাদন করা।

#### খ) ভিজিল্যান্স এন্ড এন্টি-ফ্রড ডিভিশনের কার্যপরিধি :

- সরেজমিনে যাচাই ব্যতীত নিষ্পত্তি করা যায় না এমন জটিল প্রকৃতির অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা।
- ব্যাংক ও অন্যান্য নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান কর্তৃক সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজনীয়তা রয়েছে এমন আইনসম্মত ও গুরুত্বপূর্ণ অভিযোগের বিষয়ে সরেজমিনে পরিদর্শনের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা।
- ব্যাংক পরিদর্শন বিভাগসমূহ এবং আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ এর সাথে সমন্বয়ের ভিত্তিতে অভ্যন্তরীণ ও বাহ্যিক জালিয়াতি বিষয়ক আগাম সতর্ক সংকেত প্রদান এবং জালিয়াতি প্রতিরোধে কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিতকল্পে ব্যাংক ও অন্যান্য নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা।
- ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহ, মানি চেঞ্জার, এমএলএম কোম্পানী, এনজিও ইত্যাদি-তে সম্ভাব্য জালিয়াতির কারণ অনুসন্ধানের স্বপ্রণোদিত হয়ে তদন্ত কার্যক্রম পরিচালনা করা এবং তদন্তে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রযোজ্য ক্ষেত্রে ফৌজদারী ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ব্যাংক ও অন্যান্য নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ও বাহ্যিক জালিয়াতি বিষয়ক প্রতিবেদন সংবাদ মাধ্যমে যথাযথভাবে পরিবেশনে উৎসাহিত করা যাতে মিথ্যা অভিযোগসমূহ এড়ানো যায় এবং গ্রাহকগণকে এ মর্মে আশ্বস্ত করা যে, বাংলাদেশ ব্যাংক বিষয়টি অবহিত এবং সংশ্লিষ্ট জাল-জালিয়াতির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।
- তদন্ত/সরেজমিনে পরিদর্শনে প্রাপ্ত উল্লেখযোগ্য তথ্যাদি কর্পোরেট মেমোরিতে সংরক্ষণ করা।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনাক্রমে কোনো বিষয়ে অথবা অভিযোগের ভিত্তিতে সরেজমিনে পরিদর্শন পরিচালনা করা।
- অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা।

#### গ) টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশনের কার্যপরিধি :

- ব্যাংক ও অন্যান্য নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান নিরীক্ষা, নিরবচ্ছিন্ন কার্যক্রম পরিচালনা, দুর্যোগ ব্যবস্থাপনা, ইলেক্ট্রনিক ব্যাংকিং, তথ্য নিরাপত্তা, আউটসোর্সিং এবং রিটেইল পেমেন্ট সংশ্লিষ্ট তথ্যাদি ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক নীতিমালা ও গাইডলাইন প্রণয়ন ও প্রচারণা।
- আইসিটি পরিদর্শকদের জন্য ঘরোয়া এবং বহিঃ প্রশিক্ষণের আয়োজন ও পরিচালনা করা।
- প্রণীত নীতিমালা ও গাইডলাইনের পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাংক পরিদর্শন বিভাগসমূহের সাথে সমন্বয়ের ভিত্তিতে সরেজমিনে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা।
- জালিয়াতির উদ্দেশ্যে আইসিটি সিস্টেমের সম্ভাব্য অপব্যবহারের ঘটনাসমূহ ভিজিল্যান্স এন্ড এন্টি-ফ্রড ডিভিশনের সাথে সমন্বয়ের ভিত্তিতে যাচাইকরণ।

### ৩। বিভাগের গুরুত্বপূর্ণ সাম্প্রতিক কার্যক্রম :

- ক) অত্র বিভাগে প্রাপ্ত অভিযোগসমূহ উৎপত্তির মূল কারণগুলো বিশ্লেষণ করা হয়েছে এবং দেখা গেছে যে, বিশেষ কিছু কারণে গ্রাহকগণ ব্যাংকে নানাবিধ অনিয়ম, অনাচার ও হয়রানির শিকার হচ্ছেন; যেমন - ব্যাংকগুলোতে গ্রাহক সেবার জন্য সার্ভিস

স্ট্যান্ডার্ড না থাকা, আচরণ বিধি না থাকা, কাস্টমার চার্টার না থাকা, গ্রাহক সচেতনতামূলক কার্যক্রম না থাকা, অভিযোগ দাখিলের জন্য প্রাতিষ্ঠানিক কাঠামো না থাকা ইত্যাদি। এ অবস্থার প্রেক্ষিতে নিবর্তনহীন, সুষ্ঠু, সুশৃঙ্খল গ্রাহক সেবা দান ও অভিযোগ নিষ্পত্তির জন্য একটি নীতিমালা প্রণয়ন করা আবশ্যিক হয়ে পড়ে এবং সে তাগিদে এ বিভাগ থেকে গত অর্থ বৎসরের শুরুতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য “গ্রাহক সেবা ও অভিযোগ ব্যবস্থাপনা” শীর্ষক একটি নীতিমালা জারী করা হয়।

উক্ত নীতিমালার উল্লেখযোগ্য নির্দেশনাসমূহ নিম্নরূপঃ

- সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে বা কান্ট্রি অফিসে ‘কেন্দ্রীয় গ্রাহক সেবা ও অভিযোগ ব্যবস্থাপনা সেল’ স্থাপন করা।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে প্রাতিষ্ঠানিকভাবে মৌলিক আদর্শ ও নৈতিকতা (যেমন- স্বচ্ছতা, সততা ও ন্যায়পরায়ণতা, দায়বদ্ধতা, নিরাপত্তা ও বিশ্বাসযোগ্যতা ইত্যাদি) প্রতিষ্ঠা করা ও তার চর্চা নিশ্চিত করা।
- গ্রাহক সেবায় নিয়োজিত কর্মকর্তাদের জন্য আচরণ বিধি প্রণয়ন করা।
- ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহে সার্ভিস স্ট্যান্ডার্ড তৈরী করা।
- ব্যাংকার/গ্রাহকদের অধিকার ও দায়বদ্ধতার বর্ণনাপূর্বক কাস্টমার চার্টার তৈরী করা।
- ব্যাংকিং সেক্টরে জালিয়াতি, দুর্নীতি ও গ্রাহক হয়রানি হ্রাস করার জন্য গ্রাহক সচেতনতা ও আর্থিক শিক্ষামূলক কর্মসূচী গ্রহণ করা।
- অভিযোগকারীরা যাতে খুব সহজেই যে কোন মাধ্যমে তাদের অভিযোগ দাখিল করতে পারেন সে জন্য ব্যাংক- কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- প্রাপ্ত, নিষ্পন্ন ও অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা উল্লেখ করতঃ সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংকে অভিযোগসমূহের বিবরণী প্রেরণ করা।
- সুষ্ঠু গ্রাহক সেবা ও অভিযোগ নিষ্পত্তির ভিত্তিতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাগণের জন্য পুরস্কার ও শাস্তির বিধান রাখা।
- ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ অভিযোগ উৎপত্তির মূল কারণ বিশ্লেষণ করে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করা।

এ নীতিমালা জারী করায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোতে অভিযোগ দাখিল ও নিষ্পত্তির জন্য প্রাতিষ্ঠানিক কাঠামো তৈরী হয়েছে, গ্রাহক সেবায় ন্যূনতম মানদণ্ড প্রতিষ্ঠিত হয়েছে এবং ব্যাংকার ও গ্রাহকের মধ্যে সচেতনতার সৃষ্টি হয়েছে।

খ) এ বিভাগে প্রাপ্ত অভিযোগসমূহের ভিত্তিতে নিষ্পন্ন, অনিষ্পন্ন অভিযোগের তথ্য সংরক্ষণ, অভিযোগের কারণ বা প্রকৃতি বিশ্লেষণ, বিভিন্ন প্রতিবেদন ও ড্যাশবোর্ড তৈরী করার জন্য আইটি অপারেশন এন্ড কমিউনিকেশন ডিপার্টমেন্ট এর সহযোগিতায় ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট কর্তৃক “কমপ্লেইন্ট মনিটরিং সিস্টেম (সিএমএস)” নামে একটি সফটওয়্যার তৈরী করা হয়েছে।

## ৪। বিভাগের কর্মপদ্ধতি :

বিভাগের কার্যক্রমকে সুদূর প্রসারী অথচ সহজে ও দ্রুত সম্পাদনের লক্ষ্যে একটি কার্যকর পদ্ধতি গ্রহণ করা হয়েছে। দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহকগণ আইনের মধ্যে থেকে ব্যাংকের সেবা পেতে কোন ধরনের হয়রানির শিকার হলে তৎপ্রেক্ষিতে উত্থাপিত অভিযোগসমূহের সার্বিক মনিটরিং এর দায়িত্বে নিয়োজিত রয়েছে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এফআইসিএসডি। এছাড়া, প্রতিটি তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ে রয়েছে তাদের ‘গ্রাহক সেবা ও অভিযোগ ব্যবস্থাপনা সেল’ এবং বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহে রয়েছে “গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র”। দেশের প্রত্যন্ত অঞ্চলের কোন অভিযোগকারী তার নিকটস্থ বাংলাদেশ ব্যাংকের “গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র”-তে অভিযোগ দাখিল করলে উক্ত অভিযোগ সম্পর্কে বিভাগটি সরাসরি তদন্ত করে কিংবা অভিযোগ সংশ্লিষ্ট ব্যাংকের অভিযোগ সেলের মাধ্যমে তদন্ত করিয়ে/প্রয়োজনীয় তথ্য-উপাত্তের মাধ্যমে অভিযোগের সত্যতা নিরূপণকরতঃ তা নিষ্পত্তির ব্যবস্থা করে থাকে। যদি আঞ্চলিক/শাখা পর্যায়ে কোন অভিযোগের নিষ্পত্তি

করা সম্ভব না হয় তবে তা নিষ্পত্তির জন্য প্রধান কার্যালয়ের এফআইসিএসডিতে প্রেরণ করা হয়। দেশের প্রতিটি অঞ্চলে ব্যাংকসমূহের নিকট দাখিলকৃত অভিযোগসমূহের মনিটরিং এর লক্ষ্যে তফসিলী ব্যাংকসমূহের আঞ্চলিক কার্যালয়ে স্থাপিত অভিযোগ সেল তাদের প্রাপ্ত অভিযোগসমূহের বিষয়ে গৃহীত ব্যবস্থাদির বিবরণী মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে তাদের নিজ নিজ প্রধান কার্যালয়ে প্রেরণ করে থাকে যার একটি কপি বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট শাখা অফিসেও প্রেরণ করা হয় এবং ব্যাংকের প্রধান কার্যালয়ের অভিযোগ সেল উক্ত বিবরণীসমূহ একীভূত করে ওয়েব পোর্টালের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এফআইসিএসডিতে প্রেরণ করে থাকে। এদিকে, আমাদের শাখা অফিসসমূহের সিআইপিসি তাদের কেন্দ্রে প্রাপ্ত অভিযোগসমূহের উপর গৃহীত ব্যবস্থার বর্ণনাসহ একটি বিবরণী মাসিক ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণ করে থাকে। এভাবে দেশের সকল অঞ্চলের গ্রাহকগণের নিকট থেকে প্রাপ্ত অভিযোগসমূহ অত্র বিভাগ থেকে মনিটরিং করা হচ্ছে। একই সাথে আমাদের প্রধান কার্যালয়ের আওতাধীন এলাকার বিভিন্ন ব্যাংকের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ অত্র বিভাগ কর্তৃক সরাসরি তদন্ত করে কিংবা সংশ্লিষ্ট ব্যাংকের সাথে আলাপ-আলোচনা করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা হচ্ছে।

## ৫। অভিযোগ গ্রহণের সময় ও মাধ্যম :

সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত সকল কর্মদিবসে অফিস সময়ে ফোন, ফ্যাক্স, এসএমএস, ওয়েবসাইট, ই-মেইল, ডাকযোগে, বিভিন্ন জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম কিংবা সরাসরি অভিযোগকারীর নিকট থেকে অভিযোগসমূহ অত্র বিভাগে গৃহীত হয়ে থাকে।

## ৬। লজিস্টিকস্ :

দেশের অভ্যন্তর কিংবা বাইরে থেকে যে কোন ব্যক্তি যাতে অতি সহজে তাদের জিজ্ঞাসা অথবা অভিযোগের কথা অত্র বিভাগে জানাতে পারেন তজ্জন্য এখানে সব ধরনের প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট দেয়া হয়েছে। বর্তমানে অত্র বিভাগে কর্মরত প্রত্যেক কর্মকর্তার ডেস্কে ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার সরবরাহ করা হয়েছে। তাছাড়া, বিভাগে ১৬২৩৬ নম্বরের একটি শর্ট কোড চালু করা হয়েছে। এর সাথে আপাততঃ ৫টি সরাসরি টেলিফোন নম্বরের অটো হ্যান্ডিং পদ্ধতিতে সংযোগ দেয়া আছে যার ফলে দেশ-বিদেশ থেকে যে কোন ব্যক্তি ঐ শর্ট কোডে ডায়াল করলে স্বয়ংক্রিয়ভাবে এর সাথে সংযুক্ত নম্বরসমূহের মধ্যে মুক্ত নম্বরটিতে রিং হবে এবং ঐ নম্বরের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে গ্রাহক কথা বলতে পারবেন। ব্যাংক গ্রাহক কিংবা যে কোন ব্যাংকিং সেবাপ্রত্যাশী মানুষের সেবা প্রদান ও স্বার্থ সংরক্ষণের জন্য অত্র বিভাগে স্থাপিত অটোহ্যান্ডিং টেলিফোন পদ্ধতি নিঃসন্দেহে একটি প্রশংসনীয় অগ্রগতি। আশা করা যায়, অদূর ভবিষ্যতে লজিস্টিক সাপোর্টের পরিমাণ আরও বৃদ্ধির মাধ্যমে গ্রাহক সেবার মান বৃদ্ধিতে অত্র বিভাগ আরও বেশী বেশী ভূমিকা রাখতে সক্ষম হবে।

## ৭। জিজ্ঞাসার জবাব :

এফআইসিএসডি এর কার্যক্রম শুধুমাত্র গ্রাহকগণের নিকট থেকে অভিযোগ গ্রহণ এবং তার নিষ্পত্তির মধ্যে সীমাবদ্ধ নয়, বরং দেশ-বিদেশের ব্যাংকিং সেবাপ্রত্যাশী অসংখ্য মানুষের ব্যাংকিং ও ব্যবসায়িক জিজ্ঞাসার জবাব প্রদান করাও এ বিভাগের অন্যতম কাজ। সমাজের নানা স্তরের মানুষ প্রতিদিন নানা বিষয়ে মোবাইল/ফোনের মাধ্যমে অত্র বিভাগের কর্মকর্তাগণের নিকট প্রশ্ন করে থাকেন। সম্ভাব্য ক্ষেত্রে কর্মকর্তাগণ তাৎক্ষণিকভাবে তাদের প্রশ্নের জবাব দিয়ে থাকেন। যেসব ক্ষেত্রে তাৎক্ষণিক জবাব দেয়া সম্ভব হয় না, সেক্ষেত্রে সঠিক উত্তর সংশ্লিষ্ট শাখা/বিভাগ থেকে সংগ্রহ করে অতঃপর প্রশ্নকর্তাকে জানানো হয়। অত্র ডিভিশনের কর্মকর্তাগণ যাতে সব ধরনের জিজ্ঞাসার তাৎক্ষণিক সঠিক জবাব দিতে পারেন তার জন্য বাংলাদেশ ব্যাংকের সকল বিভাগের নিকট থেকে Frequently Asked Questions (FAQs) সংগ্রহ করা হয়েছে এবং এগুলো অধ্যয়নের মাধ্যমে কর্মকর্তাগণের জ্ঞান-ভান্ডারকে সমৃদ্ধশালী করা হচ্ছে। এভাবে দেশ-বিদেশের সর্বস্তরের মানুষের জিজ্ঞাসার জবাব দানের মাধ্যমে বিভাগটি গ্রাহকগণের ব্যাংকিং সেবা প্রাপ্তির পথকে সহজ করার এক প্রশংসনীয় প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

## ৮। প্রচারণামূলক কার্যক্রম :

গ্রাহকগণের জিজ্ঞাসার জবাব ও তাদের লিখিত অভিযোগের নিষ্পত্তিকরণের সাথে সাথে এফআইসিএসডি এর কার্যক্রম সম্পর্কে জনসাধারণের মধ্যে প্রচারের জন্যও বিভাগটি ব্যবস্থা গ্রহণ করে থাকে। দেশের বিভিন্ন প্রান্তের জনসাধারণ যাতে একটি নম্বরে ফোন

করে সহজেই ব্যাংকিং/আর্থিক সেবা সংক্রান্ত কোন তথ্যাদি জানতে পারেন অথবা তাদের অভিযোগসমূহ অত্র বিভাগে দাখিল করতে পারেন সে জন্য অত্র বিভাগে স্থাপিত ১৬২৩৬ নম্বরের শর্ট কোডটি সর্বসাধারণের নিকট পরিচিত করে তোলার লক্ষ্যে নিম্নরূপ প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে :-

- বিগত ১৯/০১/২০১২ তারিখে সকল ব্যাংকের প্রতিনিধি এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকগণের উপস্থিতিতে ব্যাংকের সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানের মাধ্যমে সম্মানিত গভর্নর কর্তৃক শর্ট কোডটির শুভ উদ্বোধন ঘোষণা করা হয় এবং সে সাথে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় (বিটিভি, চ্যানেল আই, এটিএন বাংলা ও বেতারে) বিজ্ঞাপন প্রচার করা হয়।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিটি শাখার ক্যাশ কাউন্টারে শর্ট কোড (১৬২৩৬) সংক্রান্ত স্টিকার লাগানোর ব্যবস্থা করা হয়েছে যাতে ব্যাংকের কোন গ্রাহক হয়রানির শিকার হলে সহজেই উক্ত নম্বরে ফোন করে অভিযোগ দাখিল করতে পারেন।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিটি শাখার ফ্রন্ট ডেস্ক কর্মকর্তার টেবিলে শর্ট কোড (১৬২৩৬) সংক্রান্ত ডেস্ক ডিসপ্লে এর ব্যবস্থা করা হয়েছে।
- বিটিআরসি এর মাধ্যমে সকল মোবাইল গ্রাহকের নিকট এসএমএস আকারে শর্ট কোড প্রচারের ব্যবস্থা করা হয়েছে।
- বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইটেও অত্র বিভাগের ফোন, ফ্যাক্স, ই-মেইল, ঠিকানা প্রভৃতি প্রচারের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া, উক্ত ওয়েব সাইটে রক্ষিত ইলেক্ট্রনিক অভিযোগ ফর্ম পূরণের মাধ্যমে নিম্নেই অভিযোগ দাখিলের ব্যবস্থা করা হয়েছে।
- এছাড়া, ১৪/০৩/২০১২ তারিখে অনুষ্ঠিত ইএমটি এর ১৩২তম সভায় বিভাগের কার্যক্রম জনসাধারণকে অবহিত করার জন্য প্রতি তিনমাস অন্তর টেলিভিশন এবং বহুল প্রচলিত জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং সে মোতাবেক কার্যব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## ৯। ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট (এফআইসিএসডি) এর কার্যাবলীর বিবরণ :

ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট ডাকযোগে, টেলিফোনে, মোবাইলে, ই-মেইল, ফ্যাক্স, এসএমএস এবং বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে দেশ-বিদেশের গ্রাহকের নিকট হতে অভিযোগ গ্রহণ করে থাকে। ব্যাংক কর্তৃপক্ষের সুসজ্জিত চেম্বার এর প্রতি যাদের ভীতি ছিল অত্র বিভাগের তিনটি ডিভিশন যথা কাস্টমার সার্ভিসেস ডিভিশন, ভিজিল্যান্স ও এন্টি-ফ্রড ডিভিশন এবং টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন সে সকল ব্যাংক গ্রাহকদের স্বার্থ সংরক্ষণের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শুরু থেকে ৩০ জুন, ২০১৫ পর্যন্ত অত্র ডিপার্টমেন্টে গৃহীত অভিযোগের সারসংক্ষেপ নিম্নের সারণীতে উপস্থাপন করা হলো:-

সারণী-১ : এক নজরে ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট কর্তৃক গৃহীত অভিযোগ :						
সময়কাল	গৃহীত অভিযোগের সংখ্যা			নিষ্পন্ন	অনিষ্পন্ন	নিষ্পত্তির হার
	টেলিফোনে	লিখিত	মোট			
২৮ মার্চ, ২০১১ থেকে ৩০ জুন, ২০১৫ পর্যন্ত	৪,৮৫৬	১০,০৬৪	১৪,৯২০	১৪,৯২০	০০	১০০%


উপর্যুক্ত সারণী হতে পরিলক্ষিত হচ্ছে যে, শুরু থেকে জুন, ২০১৫ পর্যন্ত অত্র ডিপার্টমেন্টে মোট ১৪,৯২০টি অভিযোগ গৃহীত হয়েছে যার মধ্যে টেলিফোনে প্রাপ্ত ৪,৮৫৬টি এবং লিখিতভাবে প্রাপ্ত ১০,০৬৪টি। অভিযোগ পাওয়া মাত্রই এর বিপরীতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গৃহীত অভিযোগগুলোর মধ্যে সবগুলো অভিযোগই নিষ্পত্তি করা হয়েছে। অভিযোগ নিষ্পত্তির হার ১০০%। তবে এর অর্থ এই নয় যে, সকল অভিযোগকারী তাদের প্রতিকার পেয়েছেন। যেসব অভিযোগ প্রমাণ করা সম্ভব হয়নি বা আদালতে বিচারাধীন রয়েছে সে ক্ষেত্রে অভিযোগকারীকে প্রতিকার দেয়া সম্ভব হয়নি।

## ১০। প্রাপ্ত অভিযোগের মাসওয়ারী বিবরণী ও অভিযোগের ট্রেন্ড :

কেবল ২০১৪-২০১৫ অর্থবছরে ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্টে মোট ৩,৯৩০টি অভিযোগ পাওয়া গেছে যার মাসওয়ারী বিভাজন নিম্নে দেখানো হলোঃ

সারণী-২ : প্রাপ্ত অভিযোগের মাসওয়ারী বিবরণী			
মাসের নাম	টেলিফোনে প্রাপ্ত অভিযোগ	লিখিতভাবে প্রাপ্ত অভিযোগ	মোট অভিযোগ
১	২	৩	৪(২+৩)
জুলাই/ '১৪	৭৫	২১১	২৮৬
আগস্ট/ '১৪	১০৩	২৩৫	৩৩৮
সেপ্টেম্বর/ '১৪	৬৭	২৯৮	৩৬৫
অক্টোবর/ '১৪	৭৭	১৩৮	২১৫
নভেম্বর/ '১৪	১২৩	১৮৮	৩১১
ডিসেম্বর/ '১৪	১১৮	২২৫	৩৪৩
জানুয়ারি/ '১৫	৮৬	১৯১	২৭৭
ফেব্রুয়ারি/ '১৫	৮০	১৯৬	২৭৬
মার্চ/ '১৫	৭৬	২৩৯	৩১৫
এপ্রিল/ '১৫	৫৩	১৯৭	২৫০
মে/ '১৫	১৪৭	১৯৯	৩৪৬
জুন/ '১৫	৩৮৩	২৩৭	৬২০
সর্বমোট	১,৩৮৮	২,৫৪২	৩,৯৩০

চিত্র-০১ : প্রাপ্ত অভিযোগের ট্রেন্ড




উপর্যুক্ত সারণী ও চিত্র হতে পরিলক্ষিত হয় যে, বিগত অর্থবছরে টেলিফোনে সর্বাধিক অভিযোগ (৩৮৩টি) গৃহীত হয়েছিল জুন/২০১৫ মাসে এবং লিখিতভাবে সর্বাধিক অভিযোগ (২৯৮টি) গৃহীত হয়েছিল সেপ্টেম্বর/২০১৪ মাসে। অপরদিকে টেলিফোনে গৃহীত অভিযোগের সংখ্যা সর্বনিম্ন ছিল এপ্রিল/২০১৫ মাসে এবং লিখিতভাবে প্রাপ্ত অভিযোগের সংখ্যা অক্টোবর/২০১৪ মাসে সর্বনিম্ন ছিল। সর্বমোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা অর্থবছর জুড়ে ওঠানামা করেছে যেখানে সর্বনিম্ন ছিল অক্টোবর মাসে এবং সর্বোচ্চ

ছিল (৬২০টি) জুন/২০১৫ মাসে। উল্লেখ্য যে, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারণার ফলে জনসচেতনতা বৃদ্ধি পাওয়ায় অভিযোগ প্রাপ্তির হারও ক্রমান্বয়ে উর্ধ্বমুখী পরিলক্ষিত হচ্ছে।

## ১১। অভিযোগের প্রকৃতি অনুযায়ী বিন্যাস (২০১৪-২০১৫ অর্থবছর) :


সারণী-৩ : টেলিফোনে প্রাপ্ত অভিযোগ	
অভিযোগের প্রকৃতি	অভিযোগের সংখ্যা
সাধারণ ব্যাংকিং সংক্রান্ত	৮৪১
ঋণ ও অগ্রিম সংক্রান্ত	২০৮
কার্ড সংক্রান্ত	৮২
মোবাইল ব্যাংকিং সংক্রান্ত	৫২
ট্রেড বিল সংক্রান্ত	২১
রেমিট্যান্স সংক্রান্ত	৩৮
বিবিধ অভিযোগ	১৪৬
<b>মোট</b>	<b>১,৩৮৮</b>

চিত্র-২ : টেলিফোনে গৃহীত অভিযোগসমূহের প্রকৃতি অনুযায়ী চিত্র



সারণী-৪ : লিখিতভাবে প্রাপ্ত অভিযোগ	
অভিযোগের প্রকৃতি	অভিযোগের সংখ্যা
সাধারণ ব্যাংকিং সংক্রান্ত	৫২০
ঋণ ও অগ্রিম সংক্রান্ত	৪৬২
স্থানীয় বিল সংক্রান্ত	৪১২
বৈদেশিক বিল সংক্রান্ত	৩৬৮
কার্ড সংক্রান্ত	১৪৬
ব্যাংক গ্যারান্টি সংক্রান্ত	৮৭
মোবাইল ব্যাংকিং সংক্রান্ত	৩৯
রেমিট্যান্স সংক্রান্ত	২৬
বিবিধ অভিযোগ	৪৮২
<b>মোট</b>	<b>২,৫৪২</b>

### চিত্র-৩ঃ লিখিতভাবে প্রাপ্ত অভিযোগসমূহের প্রকৃতি অনুযায়ী চিত্র



ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্টে বিভিন্ন ধরনের অভিযোগ গৃহীত হয়ে থাকে। টেলিফোনে প্রাপ্ত অভিযোগসমূহের বিশ্লেষণে দেখা যায় যে, অধিকাংশ অভিযোগই সাধারণ ব্যাংকিং সংক্রান্ত (২০.৮৬%)। এরপর ঋণ ও অগ্রিম সংক্রান্ত অভিযোগ ছিল ১৮.৮৮%, কার্ড সংক্রান্ত ৫.৯৮%, মোবাইল ব্যাংকিং সংক্রান্ত ৩.৯৫%, রেমিট্যান্স সংক্রান্ত ২.৯৮%, ট্রেড বিল সংক্রান্ত ১.৫১% এবং অন্যান্য সাধারণ অভিযোগ ১০.৫১%।

অন্যদিকে, লিখিতভাবে প্রাপ্ত অভিযোগসমূহের বিশ্লেষণে দেখা যায় যে, এ ক্ষেত্রে অধিকাংশ অভিযোগই ট্রেড বিল সংক্রান্ত যা মোট অভিযোগের ৩০.৬৯% (১৬.২১% স্থানীয় বিল সংক্রান্ত এবং ১৪.৪৮% বৈদেশিক বিল সংক্রান্ত)। এরপরই রয়েছে সাধারণ ব্যাংকিং সংক্রান্ত ২০.৮৬%, ঋণ ও অগ্রিম সংক্রান্ত অভিযোগ ১৮.১৭%, কার্ড সংক্রান্ত ৫.৯৮%, ব্যাংক গ্যারান্টি সংক্রান্ত ৩.৮২%, মোবাইল ব্যাংকিং সংক্রান্ত ১.৫৩%, রেমিট্যান্স সংক্রান্ত ১.০৩% এবং অন্যান্য অভিযোগ ১৮.৯৬%।

### ১২। বিগত ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরে বিভাগ কর্তৃক গৃহীত ও নিষ্পন্ন অভিযোগের তুলনামূলক পরিসংখ্যান :

সারণী-৫ :			
বিষয়	অর্থবছর ২০১২-২০১৩	অর্থবছর ২০১৩-২০১৪	অর্থবছর ২০১৪-২০১৫
গৃহীত মোট অভিযোগ	৪,২৯৬	৪,৮৭৬	৩,৯৩০
নিষ্পন্ন অভিযোগ	২,৯৪১	৪,২৯১	৩,৯৩০
অভিযোগ নিষ্পত্তির হার	৬৮.৪৬%	৯৫.৮৭%	১০০%


উপর্যুক্ত সারণী থেকে দেখা যায় যে, ২০১৩-২০১৪ অর্থবছরে পূর্ববর্তী ২০১২-২০১৩ অর্থবছরের তুলনায় অভিযোগের পরিমাণ ৪.১৯% বৃদ্ধি পেয়েছিল, কিন্তু ২০১৩-২০১৪ অর্থবছরের তুলনায় ২০১৪-২০১৫ অর্থবছরে ১২.২০% অভিযোগ হ্রাস পেয়েছে। অপরদিকে, ২০১৪-২০১৫ অর্থবছরে অভিযোগ নিষ্পত্তির হার ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরের তুলনায় যথাক্রমে ৩১.৫৪% ও ৪.১৩% বৃদ্ধি পেয়েছে। এখানে উল্লেখ্য যে, গ্রাহকগণ সরাসরি নিজ নিজ ব্যাংকে অভিযোগ করায় বা প্রতিকার পাওয়ায় বাংলাদেশ ব্যাংকে অভিযোগের সংখ্যা কিছুটা হ্রাস পেয়েছে। ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরে গৃহীত ও নিষ্পন্ন অভিযোগের তুলনামূলক চিত্র পরবর্তী পৃষ্ঠায় বার ডায়াগ্রামের মাধ্যমে দেখানো হলো :

চিত্র ৪ : ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরে গৃহীত ও নিষ্পত্তিকৃত অভিযোগের তুলনামূলক চিত্র :



### ১৩। ব্যাংক গ্রুপ অনুযায়ী অভিযোগের পরিসংখ্যান :

চিত্র-৫ : ব্যাংক গ্রুপ অনুযায়ী অভিযোগের পরিসংখ্যান



উপর্যুক্ত পাই চিত্র হতে দেখা যায় যে, বেসরকারী বাণিজ্যিক ব্যাংক এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের হার সবচেয়ে বেশি যা মোট প্রাপ্ত অভিযোগের ৫৫.৯৮%। অতপর রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকগুলোর বিরুদ্ধে ২৮.১৩%, বিদেশী বাণিজ্যিক ব্যাংকগুলোর বিরুদ্ধে ৫.৮৬%, বিশেষায়িত ব্যাংকগুলোর বিরুদ্ধে ৩.৮২% এবং তফসিলী ব্যাংক ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে পাওয়া গেছে মোট অভিযোগের ৫.৮২%।

### ১৪। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে শীর্ষ ১০(দশ) ব্যাংক :

অত্র বিভাগে ২০১৪-২০১৫ অর্থবছরে ডাক, ফ্যাক্স, ই-মেইল ইত্যাদিকার বিভিন্ন মাধ্যমে প্রাপ্ত লিখিত অভিযোগের ভিত্তিতে শীর্ষ ১০টি ব্যাংকের তালিকা পরবর্তী পৃষ্ঠায় টেবিলে দেখানো হলো:-

সারণী-০৬ : প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে শীর্ষ ১০(দশ) ব্যাংক

ক্রমিক নং	ব্যাংকের নাম	মোট প্রাপ্ত লিখিত অভিযোগ
০১	সোনালী ব্যাংক লিমিটেড	২৫৬
০২	ব্র্যাক ব্যাংক লিমিটেড	১৭৫
০৩	রূপালী ব্যাংক লিমিটেড	১৪৯
০৪	অগ্রণী ব্যাংক লিমিটেড	১৪০
০৫	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	১২৩
০৬	জনতা ব্যাংক লিমিটেড	১০৬
০৭	বাংলাদেশ কৃষি ব্যাংক	৮২
০৮	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	৭৯
০৯	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	৭০
১০	ন্যাশনাল ব্যাংক লিমিটেড	৫৯

উপর্যুক্ত টেবিল হতে দেখা যায় যে, অভিযোগের পরিমাণগত দিক থেকে উল্লিখিত সময়ে অত্র বিভাগে সবচেয়ে বেশি লিখিত অভিযোগ গৃহীত হয়েছে সোনালী ব্যাংক লিমিটেড এর বিরুদ্ধে (২৫৬টি)। রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকসমূহের মধ্যে রূপালী ব্যাংক লিমিটেড, অগ্রণী ব্যাংক লিমিটেড ও জনতা ব্যাংক লিমিটেড এ দিক থেকে যথাক্রমে ৩য়, ৪র্থ ও ৬ষ্ঠ অবস্থানে রয়েছে। লিখিত অভিযোগ প্রাপ্তির দিক থেকে বেসরকারী ব্যাংকসমূহের মধ্যে ব্র্যাক ব্যাংক লিমিটেড ১ম অবস্থানে এবং অত্র তালিকায় ২য় অবস্থানে রয়েছে। বিদেশী বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক ১ম অবস্থানে রয়েছে যা অত্র তালিকায় ৮ম স্থানে রয়েছে।

১৫। ২০১৪-২০১৫ অর্থবছরে এফআইসিএসডি কর্তৃক সম্পাদিত বিশেষ পরিদর্শন সম্পর্কিত তথ্য :

ক) ব্যাংকিং খাতে দুর্নীতি ও জাল-জালিয়াতি প্রতিরোধ ও প্রশমিত করার লক্ষ্যে অত্র বিভাগের ভিজিল্যান্স ও এন্টি-ফ্রড ডিভিশন অভিযোগ ব্যবস্থাপনা এবং বিশেষ পরিদর্শনের মাধ্যমে ব্যাংকিং খাতের উপর নিরবচ্ছিন্নভাবে নজরদারি রাখছে। বিভিন্ন সূত্রে প্রাপ্ত অভিযোগের উপর ভিত্তি করে অনেক বিশেষ পরিদর্শন পরিচালনা করা হয়েছে; আবার স্বঃপ্রণোদিতভাবে বা উদ্ভর্তন কর্তৃপক্ষের নির্দেশনানুযায়ীও কিছু ব্যাংকে বিশেষ পরিদর্শন করা হয়েছে।

খ) ২০১৪-১৫ সালে এফআইসিএসডি কর্তৃক সম্পাদিত পরিদর্শনের একটি বিশদ বিশ্লেষণ নিম্নে দেয়া হলোঃ

ব্যাংকের শ্রেণী	বিশেষ পরিদর্শন সংখ্যা
রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক	২৮
বিশেষায়িত ব্যাংক	০০
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক	৯৪
বিদেশী বাণিজ্যিক ব্যাংক	০৫
মোট	১২৭

উপরের সারণী থেকে দেখা যায় যে, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকে সর্বোচ্চ সংখ্যক বিশেষ পরিদর্শন পরিচালনা করা হয়েছে, যা সর্বমোট ১২৭টি বিশেষ পরিদর্শনের মধ্যে ৯৪টি; ২৮ টি বিশেষ পরিদর্শন করা হয়েছে রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকে এবং ৫টি করা হয়েছে বিদেশী বাণিজ্যিক ব্যাংকে।

গ) ২০১৪-১৫ সালে এফআইসিএসডি'র বিশেষ পরিদর্শনে ব্যাংকের কিছু জাল-জালিয়াতি ও অনিয়ম উদ্ঘাটন করে, যার ফলে সেগুলো পরবর্তীতে বড় আকার ধারণ করতে পারেনি। সুশাসন ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ব্যাংকে সংঘটিত জাল-জালিয়াতি ও অনৈতিক চর্চার বিরুদ্ধে প্রাথমিক নিরাপত্তা হিসাবে কাজ করলেও অত্র বিভাগের নিরবচ্ছিন্ন নজরদারি এবং চলমান বিশেষ পরিদর্শন ব্যাংকের কর্পোরেট নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনাকে শক্তিশালী করতে সহায়ক ভূমিকা

পালন করেছে। স্বচ্ছ, স্থিতিশীল ও সুস্থ আর্থিক খাত নিশ্চিত করার লক্ষ্যে এফআইসিএসডি এই ভূমিকা ক্রমাগতভাবে পালন করে যাবে।

২০১৪-১৫ সালে এফআইসিএসডি কর্তৃক ৭টি ব্যাংকে সর্বোচ্চ পরিদর্শনের তথ্য নিম্নে দেয়া হলোঃ

ক্রমিক নং	ব্যাংকের শ্রেণী	বিশেষ পরিদর্শন সংখ্যা
০১	অগ্রণী ব্যাংক লিমিটেড	১৪
০২	ফার্মার্স ব্যাংক লিমিটেড	০৯
০৩	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	০৭
০৪	সোনালী ব্যাংক লিমিটেড	০৬
০৫	এনসিসি ব্যাংক লিমিটেড	০৫
০৬	এন আর বি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	০৫
০৭	প্রিমিয়ার ব্যাংক লিমিটেড	০৫

উক্ত সারণী অনুসারে, এফআইসিএসডি কর্তৃক অগ্রণী ব্যাংকে সর্বোচ্চ সংখ্যক (১৪) পরিদর্শন করা হয়েছে। অত্র বিভাগ কর্তৃক পরিচালিত পরিদর্শনের ভিত্তিতে ফার্মার্স ব্যাংক দ্বিতীয়, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড তৃতীয় স্থানে রয়েছে। এনসিসি ব্যাংক লিমিটেড, এন আর বি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড ও প্রিমিয়ার ব্যাংক লিমিটেড পঞ্চম স্থানে রয়েছে।


#### ১৬। ২০১৪-২০১৫ অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহে প্রাপ্ত অভিযোগের পরিসংখ্যান :

বাংলাদেশ ব্যাংক এর প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট ছাড়াও এর ১০টি শাখা অফিসে স্থাপিত ‘গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্র (সিআইপিসি)’ সমূহও তাদের আওতাধীন এলাকার জনসাধারণ বা ব্যাংক গ্রাহকদের নিকট থেকে অভিযোগ গ্রহণ করে থাকে। তারা তাদের কার্যক্রম তথা মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা, নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা এবং অনিষ্পন্ন কেসের সংখ্যা প্রভৃতি সম্বলিত মাসিক বিবরণীর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্টে রিপোর্ট করে থাকে। ২০১৪-২০১৫ অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের ১০টি শাখা অফিসের বিবরণীসমূহের সারসংক্ষেপ নিম্নে টেবিলে দেখানো হলোঃ-

সারণী-০৭ : বাংলাদেশ ব্যাংকের শাখা অফিস সমূহ থেকে প্রাপ্ত অভিযোগের পরিসংখ্যান			
অফিস	প্রাপ্ত অভিযোগের সংখ্যা	নিষ্পন্ন অভিযোগের সংখ্যা	অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা
চট্টগ্রাম	২১৯	২০৭	১২
সিলেট	১৯১	১৯১	০০
রংপুর	২৬	২০	০৬
বরিশাল	১১	০৮	০৩
খুলনা	৫০	৪৬	০৪
ময়মনসিংহ	০৬	০৪	০২
বগুড়া	২৪	২১	০৩
রাজশাহী	২৪	২০	০৪
মতিঝিল	০৫	০৫	০০
সদরঘাট	০২	০২	০০
মোট	৫৫৮	৫২৪	৩৪

উপর্যুক্ত সারণী থেকে দেখা যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংকের ১০টি শাখা অফিসের মধ্যে চট্টগ্রাম অফিসের সিআইপিসি সর্বাধিক অভিযোগ (২১৯টি) নিয়ে কাজ করেছে। এদিক থেকে সিলেট অফিস এবং খুলনা অফিস যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে। বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের কাস্টমার সার্ভিসেস ডিভিশন এর নিকটবর্তী হওয়ায় মতিঝিল ও সদরঘাট অফিসের সিআইপিসি অপেক্ষাকৃত অকার্যকর রয়েছে। উপরোক্ত টেবিলের একটি বার চিত্র পরবর্তী পৃষ্ঠায় দেখানো হলো:

## চিত্রঃ ৬ : বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহ থেকে প্রাপ্ত অভিযোগসমূহের তুলনামূলক পরিসংখ্যান



## ১৭। ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট কর্তৃক নিষ্পন্ন বিশেষভাবে উল্লেখযোগ্য কয়েকটি ঘটনা :

### কাহিনীঃ ০১

অভিযোগকারীঃ জনাব মোছাঃ রুনা লায়লা

বিষয়ঃ একটি রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের কাশিমিনগর শাখা, হবিগঞ্জ কর্তৃক ডিপিএস হিসাবের অর্থ পরিশোধ সংক্রান্ত ।

**অভিযোগের সারসংক্ষেপঃ** জনাব রুনা লায়লা একটি রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের কাশিমিনগর শাখায় ১৯৯৪ সালে ২০০ টাকা মাসিক কিস্তিতে ২০ বছর মেয়াদী ডিপিএস হিসাব খোলেন এবং ১৫ বছরের অধিক সময় নিয়মিত টাকা জমা দেয়ার পর অসুস্থতার কারণে বকেয়া কিস্তিসমূহ জমা প্রদানে ব্যর্থ হন। তিনি ২০০২ সালে উক্ত ডিপিএস হিসাবটি জামানত রেখে উক্ত শাখা হতে ৩৬,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। সময়মত ঋণ পরিশোধ করতে না পারায় তার ডিপিএস হিসাবটি সমন্বয় করে অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করার জন্য তিনি শাখাকে অনুরোধ করেন। কিন্তু শাখাটি উক্ত আবেদনপত্রখানা আমলে না নিয়ে দীর্ঘ সময় অতিবাহিত করে এবং এক পর্যায়ে শাখাটি ডিপিএস হিসাবের সুদসহ সম্পূর্ণ অর্থ বকেয়া ঋণের সাথে সমন্বয় করে নেয় এবং গ্রাহকের নিকট আরও ৭৯,০০০ টাকা বকেয়া রয়েছে মর্মে নোটিশ প্রদান করে। জনাব লায়লা অভিযোগ করেন যে, ব্যাংক যদি সময়মত ঋণের টাকা ডিপিএস হিসাব থেকে সমন্বয় করতো তাহলে তিনি ব্যাংকের নিকট হতে আরও প্রায় ৪০,০০০ টাকা পেতেন।

**বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত ব্যবস্থাঃ** জনাব লায়লার উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের সিলেট অফিস কর্তৃক এ বিষয়ে একটি বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়। এতে পরিলক্ষিত হয় যে, ব্যাংক কর্তৃক যদি সময়মত জনাব লায়লা এর ডিপিএস হিসাবের অর্থ হতে ঋণটি সমন্বয় করা হত তবে তিনি ৩৭,২৩০ টাকা ফেরত পেতেন। অভিযোগটি প্রমাণিত হওয়ায় জনাব লায়লার বকেয়া ৩৭,২৩০ টাকা ফেরত প্রদানে এবং দায়িত্বে অবহেলার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ব্যাংকটির প্রধান কার্যালয়কে নির্দেশ প্রদান করা হয়। উক্ত নির্দেশ মোতাবেক ব্যাংকটি জনাব মোছাঃ রুনা লায়লাকে ডিপিএস এর বকেয়া অর্থ ফেরত প্রদান করে এবং ব্যাংকের গাফিলতির জন্য ঋণের অসমন্বিত অর্থ সংশ্লিষ্ট কর্তব্যে অবহেলাকারী কর্মকর্তাদের নিকট থেকে আদায় করে।

## কাহিনীঃ ০২

অভিযোগকারীঃ জনাব মোঃ ময়নুল ইসলাম (খসরু), চেয়ারম্যান, সিলেট অপুলেন্স (প্রাঃ) লিঃ, সিলেট।

বিষয়ঃ সিলেটের একটি বে-সরকারী ব্যাংকের শাখা কর্তৃক গ্রাহকের হিসাব হতে ৩.০০ কোটি টাকা আত্মসাৎ।

অভিযোগের সারসংক্ষেপঃ সিলেট অপুলেন্স (প্রাঃ) লিমিটেডের স্বত্বাধিকারী জনাব মোঃ ময়নুল ইসলাম (খসরু) নিজস্ব জমিতে একটি আবাসিক হোটেল নির্মাণ করার জন্য বে-সরকারী ব্যাংকের একটি শাখায় ৭.০০ কোটি টাকা ঋণ সুবিধা চেয়ে আবেদন করেন। উক্ত ব্যাংক শাখাটি প্রাথমিকভাবে মোট ২.৫০ কোটি টাকা মঞ্জুর করে এবং বাকী অর্থ পর্যায়ক্রমে প্রদান করার প্রতিশ্রুতি প্রদান করে। মঞ্জুরীকৃত অর্থ সঠিকভাবে বিনিয়োগ করার পর প্রকল্পের কাজ ত্বরান্বিত করার লক্ষ্যে তিনি অবশিষ্ট ৪.৫০ কোটি টাকা প্রদানের জন্য শাখাটিকে অনুরোধ করে। সে অনুযায়ী শাখাটি ঋণের যাবতীয় কার্যাদি অতি দ্রুততার সাথে সম্পাদন করে আরও ৩.০৫ কোটি টাকা মঞ্জুর করে গ্রাহকের হিসাবে স্থানান্তর করে। কিন্তু জনাব খসরু উক্ত অর্থ উত্তোলন করতে ব্যর্থ হন। তিনি অভিযোগ করেন যে, ঋণ গ্রহণের সময় তিনি ঋণের বিপরীতে জামানত হিসেবে নিজের স্বাক্ষরিত কিছু চেক ব্যাংক শাখাটিতে জমা রেখেছিলেন যাতে তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ ছিলনা। এই জমাকৃত চেকগুলোর মধ্যে ৪ টি চেক জালিয়াতির মাধ্যমে ঋণ মঞ্জুরীর দিনই ব্যাংকের কতিপয় অসাধু কর্মকর্তা জনাব খসরুর নামে উত্তোলন দেখিয়ে মঞ্জুরীকৃত ঋণ ৩.০০ কোটি টাকা আত্মসাৎ করেন।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত ব্যবস্থাঃ জনাব খসরুর উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের সিলেট অফিস কর্তৃক উক্ত ব্যাংক শাখাটিতে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হলে অভিযোগের সত্যতা প্রমাণিত হয়। তদন্তে দেখা যায়, বিগত ৩০/১২/২০১২ তারিখে সিলেট অপুলেন্স (প্রাঃ) লিমিটেড এর চলতি হিসাবে ৩.০৫ কোটি টাকার ঋণ ক্রেডিট করা হয় ঠিক ই আবার জনাব খসরু এর অগোচরে একই দিনে ব্যাংকিং সময়ের শেষে এক ঘন্টার মধ্যে শাখায় জামানত হিসেবে গচ্ছিত চারটি চেক জালিয়াতির মাধ্যমে ৩.০০ কোটি টাকা উক্ত শাখার সাবেক শাখা ব্যবস্থাপক (চাকুরীচ্যুত) কর্তৃক উত্তোলন করা হয় এবং ৩০/১২/২০১২ তারিখ ভিত্তিক কতিপয় খেলাপী ঋণ হিসাবসমূহে উক্ত অর্থ Window dressing করে জমা দিয়ে ঋণ সমন্বয় দেখানো হয়। শাখায় গচ্ছিত চেক দিয়ে ৩.০০ টাকা অবৈধভাবে উত্তোলন করে ঋণ সমন্বয় করা পর্যন্ত ব্যাংকটির সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, সাবেক শাখা ব্যবস্থাপক (চাকুরীচ্যুত) এবং আঞ্চলিক প্রধান এর যোগসাজশ থাকার বিষয়টি উদ্ঘাটিত হয়। অতঃপর, আত্মসাতকৃত ৩.০০ কোটি টাকা সুদসমেত ফেরত প্রদানসহ অবৈধভাবে অর্থ উত্তোলন প্রক্রিয়ার সাথে জড়িত কর্মকর্তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক অবিলম্বে প্রশাসনিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালককে নির্দেশ প্রদান করা হলে ব্যাংক উক্ত অর্থ গ্রাহকের হিসাবে সুদসহ ৪,৪৫,৩৩,৩৩৩.০০ টাকা ফেরত প্রদান করে এবং জড়িত কর্মকর্তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে।

## কাহিনীঃ ০৩

অভিযোগকারীঃ জনাব মাহবুব-আর-রহমান, ১-ডি, ৫/৩৩ (২য় তলা), মিরপুর, ঢাকা-১২১৬।

বিষয়ঃ একটি বেসরকারি ব্যাংকের শ্যামলী শাখায় পরিচালিত জনাব মাহবুব-আর-রহমান এর 50+ Savings হিসাব হতে অবৈধভাবে ও প্রতারণার মাধ্যমে টাকা কর্তন প্রসঙ্গে।

অভিযোগের সারসংক্ষেপঃ জনাব মাহবুব-আর-রহমান একটি বেসরকারি ব্যাংকের শ্যামলী শাখায় 50+ Savings হিসাব পরিচালনা করতেন। ব্যাংকটি গত ৩০/০৬/২০১৪ তারিখে Excess interest reverse of year 2013 due to non-application of SB rule নামক এন্ট্রির মাধ্যমে ৪,১০৩.৩৩ টাকা তার উক্ত হিসাব থেকে কেটে নিয়েছে মর্মে তিনি অভিযোগ করেন। জনাব মাহবুব বিষয়টি বিস্তারিত জানতে চাইলে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক তাকে জানান যে, ব্যাংক কর্তৃপক্ষ ২০১৪ সালের জুন মাসে জারিকৃত সার্কুলারের মাধ্যমে ২০১৩ সালে তার সঞ্চয়ী হিসাবে প্রদানকৃত অতিরিক্ত মুনাফার অর্থ কর্তন করে নিয়েছে। কিন্তু তিনি উক্ত ব্যাখ্যায় সন্তুষ্ট না হয়ে তার কষ্টার্জিত মুনাফার টাকা কর্তন করার বিষয়টি অবৈধ এবং প্রতারণার মাধ্যমে ব্যাংকের অনুকূলে কর্তন করা হয়েছে বিবেচনা করেন এবং পত্রের মাধ্যমে ঐ ব্যাংকের নিকট এর প্রতিকার চান। ব্যাংক কর্তৃপক্ষ তার পত্রের কোন উত্তর প্রদান না করায়

অবশেষে তিনি প্রতিকারের আশায় এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের শরণাপন্ন হন এবং উল্লিখিত অভিযোগের বিষয়ে তদন্ত করে তার কষ্টার্জিত অর্থ ফেরৎ পাওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংককে অনুরোধ করেন।

**বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত ব্যবস্থাঃ** বিষয়টির সঠিকতা যাচাইয়ের জন্য এফআইসিএসডি হতে সংশ্লিষ্ট ব্যাংকের বক্তব্য চাওয়া হয়। তারা জানায় যে, ২০১০ সালে "Pcbank2000" নামক Banking System এর পরিবর্তে "Bank Ultimus" নামক ব্যাংকিং সিস্টেমে migrate করার সময় System error এর কারণে উল্লিখিত সমস্যার সৃষ্টি হয়েছে। ব্যাংক কর্তৃপক্ষ উক্ত অভিযোগকারীর হিসাব হতে শুধুমাত্র ২০১৩ সালে অতিরিক্ত সুদ হিসেবে প্রদত্ত ৪০৭৬.১৬ টাকা কর্তন করে নিয়েছে। এ বিভাগ হতে বিষয়টি সার্বিকভাবে পর্যালোচনা করা হয়। লক্ষ্য করা গেছে যে, ২০১৩ সালের জন্য জনাব মাহবুব-আর-রহমানের হিসাবে প্রদেয় সুদের যে হিসাবায়ন ব্যাংকটি করেছে তাতে বিশেষ সঞ্চয়ী হিসাব অনুযায়ী "Daily Closing Balance" এর ভিত্তিতে সুদ হিসাবায়ন না করে সাধারণ সঞ্চয়ী হিসাবের শর্তমতে "Minimum Balance of a Month" ভিত্তিতে সুদ হিসাবায়ন করা হয়েছে। এছাড়া, সুদের হারও সঠিকভাবে আরোপ করা হয়নি। এতে ব্যাংক ২০১৩ সালের জন্য বছরের শুরু থেকে শেষ পর্যন্ত নির্ধারিত সুদের চেয়ে কম হারে সুদ আরোপ করে সুদ হিসাবায়ন করে উক্ত গ্রাহককে সুদ প্রদান করেছে যা সঠিক হয়নি। এফআইসিএসডি'র বিশ্লেষণে অভিযোগকারীর অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় জনাব মাহবুব-আর-রহমান এর উক্ত হিসাবে প্রদেয় সুদের হিসাব সঠিকভাবে নিরূপণ করে প্রাপ্য সুদ জমা/সমন্বয় করা এবং "50+" প্রোডাক্টের অন্যান্য হিসাবের ক্ষেত্রেও অনুরূপভাবে সঠিক হিসাবায়ন করে প্রাপ্য সুদ জমা/সমন্বয় করার জন্য ব্যাংকটিকে নির্দেশ প্রদান করা হয়। পাশাপাশি, System error দূর করার জন্য ব্যাংকটির ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স ডিভিশন -এর সুপারিশ পরিপালন করার জন্যও নির্দেশনা প্রদান করা হয়। এফআইসিএসডি'র নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংকটি অভিযোগকারী জনাব মাহবুবের হিসাবসহ সকল 50+ হিসাবের কর্তনকৃত অর্থ ফেরত প্রদান করে।

## কাহিনীঃ ০৪

**অভিযোগকারীঃ** আমান নন্দা, প্রোপ্রাইটর: স্বস্তিকা এন্টারপ্রাইজ।

**বিষয়ঃ** একটি বেসরকারি ব্যাংকের কদমতলী, চট্টগ্রাম শাখা কর্তৃক বিদেশী আমদানিকারক জনাব আমান নন্দার প্রেরিত অগ্রিম অর্থ জালিয়াতির মাধ্যমে আত্মসাৎ করার অভিযোগ।

**অভিযোগের সারসংক্ষেপঃ** বিদেশী আমদানিকারক জনাব আমান নন্দা Mobile PCB আমদানির জন্য জৈনৈক বাংলাদেশী জনাব হায়দার খানের প্রতিষ্ঠান মেরিনার্স কর্পোরেশন, চট্টগ্রাম এর ব্যাংক হিসাবে ২,৭০০.০০ মার্কিন ডলার অগ্রিম প্রেরণ করেন। কিন্তু জনাব হায়দার উল্লিখিত মোবাইল পার্টস রপ্তানী না করে বরং কন্ট্রাস্ট ডকুমেন্টস-এ জনাব আমান নন্দা-এর স্বাক্ষর নকল করে প্রেরিত ২,৭০০.০০ মা: ড: জালিয়াতির মাধ্যমে আত্মসাৎ করেন। এ বিষয়ে উক্ত আমদানিকারক বাংলাদেশী রপ্তানিকারকের সাথে যোগাযোগ করলে তিনি উক্ত অর্থ ফেরৎ প্রদান করতে অস্বীকৃতি জানান। জনাব আমান সংশ্লিষ্ট ব্যাংক শাখার ব্যবস্থাপকের সাথে এবং পরবর্তীতে ব্যাংকের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে এ বিষয়ে ইমেইলে বারবার যোগাযোগ করেন। কিন্তু ব্যাংকের কর্তৃপক্ষ তাদের রপ্তানীকারক কিংবা সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেনি। রপ্তানীকারক জনাব হায়দার স্বীকার করেন যে, তিনি ব্যাংকের শাখার কর্মকর্তাদের যোগসাজশেই জালিয়াতি করেছেন। তাই জনাব আমান নন্দা অভিযোগ করা বন্ধ না করলে তিনি উক্ত অর্থ তাকে আর ফেরৎ দিবেন না মর্মে হুমকি দেন। এ প্রেক্ষিতে, জনাব আমান নন্দা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংককে অনুরোধ জানান।

**বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত ব্যবস্থাঃ** বাংলাদেশ ব্যাংক থেকে অভিযোগটির বিষয়ে ব্যাংকটির বক্তব্য জানতে চাওয়া হয়। ব্যাংকটি জানায় যে, মেরিনার্স কর্পোরেশন, চট্টগ্রাম বিদেশী আমদানিকারকের সাথে একটি চুক্তির বিপরীতে উল্লিখিত অর্থ ব্যাংকটির মাধ্যমে অগ্রিম গ্রহণ করে। কিন্তু রাজনৈতিক অস্থিরতার জন্য মেরিনার্স কর্পো: উক্ত মালামাল বিভিন্ন জায়গা থেকে সংগ্রহ করে রপ্তানি করতে না পারায় আমদানিকারক চুক্তি বাতিল করে। চুক্তি পত্রের ভিত্তিতে প্রেরিত অগ্রিম অর্থের বিপরীতে মালামাল সরবরাহ করতে না পারলে অর্থ ফেরৎ দেয়া নৈতিক দায়িত্ব। এছাড়াও সংশ্লিষ্ট ব্যাংকের গ্রাহক উক্ত অর্থ গ্রহণ করেছে বলে ব্যাংক ও গ্রাহক উভয়ে স্বীকার করায় অভিযোগকারীর অগ্রিম টিটির অর্থ ফেরৎ প্রদানের জন্য সংশ্লিষ্ট ব্যাংককে ফোনে পরামর্শ দেয়া হয়। এ প্রেক্ষিতে ব্যাংকটি বাংলাদেশী রপ্তানিকারকের সাথে যোগাযোগ করে বিদেশী আমদানিকারকের অগ্রিম টিটির অর্থ ফেরৎ প্রদান করে।

